Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**সুলভ ভাণ্ডার**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ — চাউলপটি


৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা শ্রাবণ বুধবার ১৩৬৩ ইংরাজী 18th July. 1956 { ১০ম সংখ্যা






## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ২৬শে জুলাই ১৯৫৬

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৭৬ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং শচীন সর্দ্দার দিং দাবি ৭৯।৶০ থানা ফরাক্কা মৌজে আভলা ১০/৩৲১১ জমির কাত ১০॥৶৬ আঃ ১৫০৲

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ২০শে আগষ্ট ১৯৫৬

১৯৫৬ সালের ডিক্রীজারী

৮৭ থাং ডিঃ ভানুমতী দেবী দেং বন্দেশ্বরী দেবী দাবি ১৯।৶২ থানা সাগরদীঘি মৌজে ফুলসহরী ১-১২ শতকের কাত ৬৸৶৫ আঃ ৫০৲ খং নং ২৬৪ রায়ত স্থিতিবান

৭৬ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং যুগল দাস দাবি ৫৫।৶০ থানা সাগরদীঘি মৌজে হুকারহাট ১৫২ শতকের কাত ৮৶৫ আঃ ৬৫৲ খঃ ১৫ রায়ত স্থিতিবান

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২রা শ্রাবণ বুধবার সন ১৩৬৩ সাল।

# ভোটের কুস্তির পাঁয়তারা

—০—

দেখা যায় হুড়ি-পাথরে তেল সিন্দুর মাখিয়ে উড়িয়া বা হিন্দুস্থানী স্ত্রীলোক বা পুরুষ মা শীতলার পূজার জন্য হিন্দু সাধারণের দুয়ারে দুয়ারে মায়ের মহিমা কীর্ত্তন করিয়া গৃহস্থকে সাবধান করিয়া দিতেছে—মা শীতলার ভোগ পূজার জন্য যার যা সাধ্য দিলে বসন্ত রোগে ছেলে মেয়েরা আক্রান্ত হইলেও মরণের ভয় নাই। মায়ের কৃপায় ছেলে মেয়ের মঙ্গলের জন্য ভক্তিতে বা ভয়ে গৃহস্থ সাধারণ চাউল বা পয়সা দিয়া থাকে। তেমনি অন্য সময়ে দেশের দুর্দ্দিনে যে সব হোমরাচোমরা লোকের টিকিটে দেখা যায় না তাঁহারা স্বতঃপ্রবৃত্ত হ'য়ে পল্লীতে পল্লীতে দেশের মঙ্গল কিসে হবে তার জন্য উৎসর্গীকৃত আত্মা সহ না ডাকিতে আসিয়া তত্ত্বকথা পরিবেষণ করিয়া ত্যাগের পরাকাষ্ঠা দেখিয়ে বেড়াইতে আরম্ভ করেন, তখন বুঝিতে হইবে, ইঁহাদের তক্ত আঁকড়াইয়া থাকার মেয়াদ ফুরাইয়া আসিয়াছে। নূতন ভোটযুদ্ধ আরম্ভ হইতে আর বেশী দেরী নাই।

পশ্চিম বাংলার প্রদেশ কংগ্রেস সভাপতি স্বনামধন্য শ্রীঅতুল্য ঘোষ, এম. পি. মহোদয় মুর্শিদাবাদ কান্দীতে গত ৯ই জুলাই শুভাগমন করিয়া নির্ব্বাচনী সফরের শুভ পুণ্যাহ করিয়া গিয়াছেন। সহরের প্রবেশ পথে কানা মৌরের সাঁকোর নিকট জেলার ও স্থানীয় কংগ্রেস নেতৃবৃন্দ তাঁহাকে অভ্যর্থনা জ্ঞাপন করিয়া সুদীর্ঘ শোভাযাত্রা সহ শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয়ের ভবনে উপস্থিত হন। কান্দী রাজভবনের ক্ত প্রাঙ্গণে অপরাহ্ণ আড়াই ঘটিকার সময় শ্রীঅতুল্য ঘোষের সভাপতিত্বে কর্ম্মী সভা আরম্ভ হয়।

সভাপতি ঘোষ মহাশয় বলেন—ইহা বিস্ময়ের কথা যে সমস্ত আসনে বিধান সভার কংগ্রেস প্রার্থী নির্ব্বাচিত হন, সে সব অঞ্চলে লোক সভার আসনে বামপন্থী নির্ব্বাচিত হয়। আমরা সসম্মানে কংগ্রেস প্রদেশাধিপতিকে জানাইতেছি, যে ইহা বামপন্থী এম. পি.র মহাপাপের ফল। তিনি নিশ্চয়ই আশৈশব মাতৃহীন ও কৃচ্ছ্রসাধক ত্রিদিব চৌধুরীর কংগ্রেস প্রার্থীকে বহু ভোটে পরাজিত করার কথা স্মরণ করিয়া এই কথা বলিতেছেন। ইহা কংগ্রেস প্রার্থীর সৌভাগ্যের কথাই বলিতে হইবে। আজ শ্রীমান্ ত্রিদিব গোয়ায় পর্ত্তুগীজ কারাগারের অমানুষিক বর্ব্বর নির্য্যাতন সহ্য করিতেছেন। আজ তাঁহার জন্য ভারত রাষ্ট্র নায়কগণের কোনও সহানুভূতির উদ্রেক হয় কি না তাহা অন্তর্য্যামীই জানেন। আগামী নির্ব্বাচনে শ্রীমান্ ত্রিদিব বোধ হয় ভাগ্যবান ভাবী কংগ্রেস প্রার্থীর সহিত প্রতিযোগিতা করিতে আসিবে না। তাহার সম্বন্ধে কংগ্রেস আজ নিশ্চিন্ত। আর একটি বিস্ময়ের কথা প্রদেশ কংগ্রেসাধিপতি নিশ্চয়ই বিস্মৃত হন নাই। বর্দ্ধমানের মহারাজাধিরাজ যে কেন্দ্রে কংগ্রেস-মনোনীত প্রার্থী হইয়া বিধান সভার নির্ব্বাচনে বামপন্থী প্রার্থী কর্ত্তৃক শোচনীয়ভাবে পরাজিত হইলেন, সেই কেন্দ্রে একজন কংগ্রেস মনোনীত লোকসভার পদপ্রার্থী অনিচ্ছা সত্ত্বেও প্রতিযোগিতা করিয়া হেলায় বিজয়ী হইয়া আজিও সসম্মানে উক্ত আসনে অধিষ্ঠিত থাকিয়া যশোরশ্মি বিকিরণ করিতেছেন। শ্রেষ্ঠিকুল-সিন্ধু মন্থন করিয়া তিনি যে কোনও মুহূর্ত্তে লক্ষ লক্ষ মুদ্রা সংগ্রহ করিয়া তাঁহার বিবেচিত সৎ-খেয়ালে ব্যয় করিতে মুক্ত-হস্ত হইয়া সমস্ত লোককে বিস্ময়ে অভিভূত করিতে সক্ষম। পশ্চিম বঙ্গ কংগ্রেসাধিপতি আর একটি মহা বিস্ময় নিশ্চয় বিস্মৃত হন নাই —যে পশ্চিম বঙ্গে বিধান সভায় কংগ্রেস সংখ্যা-গরিষ্ঠ হইয়াছে, সেই পশ্চিম বঙ্গে গত সাধারণ নির্ব্বাচনে সাত সাতটি জাঁদরেল মন্ত্রী শোচনীয়ভাবে পরাজিত হইলেন। তাঁহাদের মধ্যে শ্রমমন্ত্রী ও খাদ্যমন্ত্রী দুজনে কম্পার্টমেণ্টাল পরীক্ষায় পাশ করিয়া এম্. এল্. এ. হইবার পরিবর্ত্তে এম্. এল্. সি. হইয়া স্ব স্ব মন্ত্রিত্বের আসন আলোকিত করিয়া শোভা পাইতেছেন।

পশ্চিম বঙ্গ কংগ্রেসাধিপতি আরও বলেন—নির্ব্বাচনী ইস্তাহারে কংগ্রেস যে প্রতিশ্রুতি দিয়াছে, তাহা অক্ষরে অক্ষরে পালন করিয়া চলিরাছে। গত সাধারণ নির্ব্বাচনের সময় ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহেরুই নিখিল ভারত কংগ্রেস সভাপতি ছিলেন। তিনি বলিয়াছিলেন (ইহা প্রতিশ্রুতি কিনা তাহা সাধারণের বিবেচ্য) কোনও পরাজিত মন্ত্রী আর মন্ত্রিত্ব করিতে পাইবেন না। তার পর আবার বলেন—বোম্বাই-এর মুখ্যমন্ত্রী মোরারজী দেশাই ছাড়া আর কোন পরাজিতকে মন্ত্রী করা হইবে না। কিন্তু বলিহারী পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ রায়! তিনি এই দুটি কানা কড়ি লইয়া অবাধে খেলিয়া চলিয়াছেন।

ইংরাজের বউনির জায়গা মুর্শিদাবাদ-কান্দীতে পশ্চিম বাংলার কংগ্রেসাধিপতি নির্ব্বাচনের পাঁয়তারা সুরু করিলেন। এই বার উত্তর কলিকাতার লোকসভা-বিজয়ী "সাত-ভাই-চম্পার" দল ক্রমশঃ আস্তে আস্তে দেখা দিবেন। যদি ভোটার লিষ্টে নাম না থাকে, তবে তাহা সংশোধন করিবার জন্য তৎপর হউন। যাহাদের ২১ বৎসর বয়স পূর্ণ হইয়াছে তাহারাই নির্ব্বাচনে ভোট দিবার যোগ্য। ধনী, নির্ধন, শিক্ষিত, অশিক্ষিত, স্ত্রী বা পুরুষ প্রত্যেক ২১ বৎসর বা ততোধিক বয়স্ক ব্যক্তির ভোটাধিকার আছে। যদি খসড়া ভোটার তালিকায় নাম না থাকে, যদি নাম ভুল থাকে বা পিতার নাম ভুল থাকে, তাহা হইলে যেন ৩১শে জুলাই মধ্যে অর্থাৎ ১৫ই শ্রাবণ মধ্যে "রিভাইজিং অথরিটী" অর্থাৎ ভোটার তালিকা সংশোধনের ভারপ্রাপ্ত সরকারী কর্ম্মচারীর নিকট দরখাস্ত দাখিল করিবেন। দরখাস্তের জন্য কোন অর্থ ব্যয় হয় না। বিনামূল্যে ফরম প্রত্যেক সার্কেল অফিসারের নিকট পাওয়া যাইবে।

ভোটার তালিকায় যার নাম থাকিবে না এই ভোট কুস্তি কসরতের তিনি কোন স্বাদ উপভোগ করিতে পাইবেন না। ৩১শে জুলাই নাম বসাইবার বা সংশোধনেব শেষ তারিখ। যেন মনে থাকে।

——

## ১৩৬২ ও ১৩৬৩ সালের অন্তর্বর্ত্তীকালীন ক্ষতিপূরণ

—০—

১৩৬২ ও ১৩৬৩ সালের অন্তর্বর্ত্তীকালীন ক্ষতিপূরণ আগামী ৩০শে সেপ্টেম্বরের মধ্যে এ জেলার মধ্যস্বত্বাধিকারিগণকে মিটাইয়া দিবার সিদ্ধান্ত হইয়াছে। যে সব মধ্যস্বত্বাধিকারিগণ ইতিপূর্ব্বে ৩(ক) ফরমে ক্ষতিপূরণের আবেদন করিয়াছেন, তাঁহারা অনতিবিলম্বে তাঁহাদের স্বত্ব প্রমাণ করিবার জন্য উপযুক্ত কাগজপত্র সহ নিজ নিজ মহকুমা কম্পেন্সেশন্ অফিসারের অফিসে উপস্থিত হইতে পারেন। পূর্ব্বের মত এখন স্বত্বের দলিল পত্রাদি আর কম্পেন্সেশন্ অফিসে জমা রাখিয়া আসিতে হইবে না। যাঁহারা অন্তর্বর্ত্তীকালীন ক্ষতিপূরণের জন্য এখনও ৩(ক) ফরমে আবেদন করেন নাই, তাঁহাদিগকে অবিলম্বে ক্ষতিপূরণের জন্য আবেদন করিতে অনুরোধ করা যাইতেছে। অতি সত্বর ক্ষতিপূরণের জন্য আবেদন না করিলে এবং স্বত্বের দলিল পত্রাদি মহকুমা কম্পেন্সেশন্ অফিসারদিগকে না দেখাইলে নির্দ্দিষ্ট কালের মধ্যে অন্তর্বর্ত্তীকালীন ক্ষতিপূরণ দেওয়া সম্ভব না হইতে পারে।

—প্রেস নোট

---

## বিধান-সভার জেলার খসড়া ভোটার-তালিকা

—•—

মুর্শিদাবাদ জেলা বিধানসভা নির্ব্বাচনকেন্দ্র সমূহের খসড়া ভোটার তালিকা গত ১০ই জুলাই হইতে জে[illegible]মস্ত ইউনিয়ন বোর্ড, মিউনিসিপ্যালিটী অফিসেও প্রচার করা হইয়াছে। খসড়া ভোটার তালিকা সংক্রান্ত কোন দাবী বা আপত্তি থাকিলে তাহা সংশোধনকারী কর্তৃপক্ষের নিকট আগামী ৩১শে জুলাইএর মধ্যে নির্দ্দিষ্ট ফরমে পেশ করিতে হইবে। দাবী ও আপত্তি সংক্রান্ত ফরম বিনামূল্যে জেলা শাসক, মহকুমা শাসক, মিউনিসিপ্যালিটি, ইউনিয়ন বোর্ড ও সংশোধনকারী কর্ত্তৃপক্ষের অফিসে পাওয়া যাইবে। নূতন আইন অনুসারে লোকসভার নির্ব্বাচন কেন্দ্রের জন্য পৃথকভাবে কোন ভোটার তালিকা প্রস্তুত করা হইবে না।

( মুর্শিদাবাদ জেলা প্রচার অফিস হইতে প্রচারিত )

---

## ভারতে প্রথম রাডার যন্ত্র

### দমদম বিমান ঘাঁটিতে স্থাপন

ভারতের প্রথম রাডার যন্ত্রটি দমদম বিমান ঘাঁটিতে স্থাপন করা হইয়াছে। এদেশের অন্যান্য বিমানঘাঁটির তুলনায় এই বিমানঘাঁটিতে অধিক সংখ্যক অসামরিক বিমান চলাচল করে। বিমানঘাঁটির ২০ মাইল ব্যাসার্দ্ধের মধ্যে কোন্ বিমান কতদূরে আছে এবং উহা কোন্ দিক হইতে কতখানি উর্দ্ধ দিয়া আসিতেছে বা যাইতেছে তাহা রাডারের দ্বারা জানিবার সুবিধা হয়। বিমান চলাচলের রাডার নিয়ন্ত্রকগণ এই যন্ত্রের সহায়তায় সকল ঋতুতে আগমন ও বহির্গমন সম্পর্কে বিমানগুলিকে পরামর্শ দিতে পারা যাইবে।

—প্রেস ইন্‌ফরমেশন্ ব্যুরো

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে, রঘুনাথগঞ্জ নিবাসী আমার জ্যেষ্ঠ ভ্রাতা স্বর্গীয় কিশোরীমোহন দত্ত মহাশয়ের পুত্র ১। শ্রীবলরামচন্দ্র দত্ত ২। শ্রীগোপীবল্লভ দত্ত মহাশয়দ্বয় তাঁহাদের রঘুনাথগঞ্জস্থিত বাসবাটীর অর্দ্ধাংশ ( মৌজা রঘুনাথগঞ্জ খং নং ৩৬ দাগ নং ৭৮০ পরিমাণ ·৭ শতক মধ্যে অর্দ্ধাংশ ৩½ শতক ) আমাকে ৩০০০৲ টাকা মূল্যে বিক্রয় করিবার জন্য এক পাকা চুক্তি করিয়াছেন ও উক্ত চুক্তি অনুযায়ী তাঁহারা আমার বরাবর আবশ্যকীয় বিক্রয় কবলা দলিল সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিতে বাধ্য আছেন। ইতিমধ্যে উক্ত বলরাম দত্ত দীং আমাকে ক্ষতিগ্রস্ত করিবার কুমতলবে তাঁহাদের বাসবাটীর অংশ অন্য স্থানে বিক্রয় করিবার চেষ্টায় আছেন। এমতাবস্থায় কোন ব্যক্তি খরিদ করিলে তাহা নিজ দায়িত্বেই করিবেন। ইতি তাং—৩০শে আষাঢ়, ১৩৬৩ সাল।

শ্রীব্রজেন্দ্রমোহন দত্ত, সাং রঘুনাথগঞ্জ।

---


## রঘুনাথগঞ্জ টিউটোরিয়াল হোম

ইউনিভার্সিটি পরীক্ষার্থীদের জন্য কোচিং।

আই, এ; আই, এস্,·সি; আই, কম; বি, এ।

ক্লাস সকাল সন্ধ্যা। প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থা। সকল বার্ষিক শ্রেণীতেই ভর্তি চলিতেছে। আগষ্টে সেসন

সম্পাদক—শ্রীকমলারঞ্জন সরকার, রঘুনাথগঞ্জ।


---

## বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষের সচিব নিম্নোক্ত রাস্তাগুলিতে বাস চালাইবার উদ্দেশ্যে স্থায়ী রুট পারমিটের জন্য নির্দ্ধারিত ফর্মে ( অফিস হইতে পাওয়া যাইবে ) আবেদন পত্র আহ্বান করিতেছেন। ১৯৫৬ সালের ৬ই আগষ্টের মধ্যে আবেদন পত্র জমা দিতে হইবে। রাস্তার নাম এবং যে কয়টি পারমিট দেওয়া হইবে তাহা যথাক্রমে দেওয়া হইল। (১) লালবাগ—আখেরিগঞ্জ রুট একটি, (২) লালগোলা—জঙ্গিপুর ভায়া দয়ারামপুর রুটে একটি, (৩) কান্দি—ইন্দ্রানী ভায়া কুলি একটি।


---


## বিজ্ঞাপন

১। এতদ্দ্বারা জনসাধারণকে জানান যাইতেছে যে একটী ১০০ ডিম ধারণক্ষম Hatching Machine ( কেরোসিন তৈল ব্যবহৃত ) সুলভ মূল্যে বিক্রয় করা হইবে। ক্রয়েচ্ছু ব্যক্তিগণ নিম্ন ঠিকানায় সংবাদ নিন।

২। রঘুনাথগঞ্জ থানার অধীন সোনাটিকুরী মৌজায় সমবায় সমিতির যে পোলট্রি ফার্ম্মের জায়গা ও গৃহাদি আছে—সত্বর সুলভে বিক্রয় হইবে। খরিদেচ্ছু ব্যক্তিগণ সমিতির সম্পাদকের সহিত সাক্ষাৎ করুন।

শ্রীবিভূতিভূষণ মজুমদার ( উকিল )
সম্পাদক, রঘুনাথগঞ্জ-প্রতাপপুর-সোনাটিকুরী
সমবায় সমিতি লিমিটেড, রঘুনাথগঞ্জ।





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৬

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত,